

📃 আস-সাফফাত | As-Saffat | أُلصًافًات

আয়াতঃ ৩৭: ১৪৬

আরবি মূল আয়াত:

وَ ٱنبَتنَا عَلَيهِ شَجَرَةً مِّن يَّقطِينٍ ﴿١٤٩﴾

🗚 অনুবাদসমূহ:

আর আমি একটি ইয়াকতীন* গাছ তার উপর উদগত করলাম। — আল-বায়ান
অতঃপর আমি তার উপর লাউ-কুমড়া জাতীয় লতা-পাতাযুক্ত একটা গাছ বের করে দিলাম। — তাইসিরুল
পরে আমি তার উপর এক লাউ গাছ উদগত করলাম। — মুজিবুর রহমান

And We caused to grow over him a gourd vine. — Sahih International

* শসা, কাঁকড় ও লাউ জাতীয় গাছকে ইয়কতীন বলে। যা কান্ডের উপর দাঁড়াতে পারে না। তার জন্য মাচা তৈরী করতে হয়।

১৪৬. আর আমরা তার উপর ইয়াকতীন(১) প্রজাতির এক গাছ উদগত করলাম,

(১) ইয়াকতীন আরবী ভাষায় এমন ধরনের গাছকে বলা হয় যা কোন গুড়ির ওপর দাঁড়িয়ে থাকে না বরং লতার মতো ছড়িয়ে যেতে থাকে। যেমন লাউ, তরমুজ, শশা ইত্যাদি। মোটকথা সেখানে অলৌকিকভাবে এমন একটি লতাবিশিষ্ট বা লতানো গাছ উৎপন্ন করা হয়েছিল যার পাতাগুলো ইউনুসকে ছায়া দিচ্ছিল এবং ফলগুলো একই সংগে তার জন্য খাদ্য সরবরাহ করছিল এবং পানিরও যোগান দিচ্ছিল। [দেখুন: তাবারী]

তাফসীরে জাকারিয়া

(১৪৬) পরে আমি (তাকে ছায়া দেওয়ার জন্য) এক লাউগাছ উদগত করলাম; [1]

[1] يَقْطِين ঐ সকল লতা গাছকে বলা হয়, যা নিজ কান্ডের উপর দাঁড়াতে পারে না, যেমন লাউ, কুমড়া ইত্যাদির গাছ। অর্থাৎ, সেই বালুচরে, যেখানে না কোন গাছ-পালা ছিল আর না ছিল কোন ঘর-বাড়ী। সেখানে একটি ছায়াবিশিষ্ট বৃক্ষ উদগত করে তাকে রক্ষা করলাম।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=3934

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন